দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL. 2 1 1999
পৃঃ ২ কলাম ৪

21

# ভাল মাদ্রাসার অনুদান বাড়বে, ফাজিল কামিল পরীক্ষা ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত হবে

জনকণ্ঠ রিপোর্ট

সরকার ভুয়া মাদ্রাসার বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখবে। পাশাপাশি ভুয়া মাদ্রাসার পিছনে এতদিন যে অর্থ ব্যয় হতো তা থেকে এখন ভাল মাদ্রাসায় অনুদান বাড়ানো হতে পারে।

মঙ্গলবার দেশের কামিল মাদ্রাসার অধ্যক্ষদের সঙ্গে বৈঠকে শিক্ষামন্ত্রী এ কথা জানান। সরকার ভুয়া মাদ্রাসার স্বীকৃতি বাতিলের যে পদক্ষেপ নিয়েছে, মাদ্রাসা শিক্ষকরা তার প্রতি সমর্থন জানান। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক সভায় বলেন, যে সকল মাদ্রাসার ঘর নেই, ছাত্র নেই, পরীক্ষা হয় না সে সব মাদ্রাসার বিরুদ্ধে প্রকৃত মাদ্রাসার অধ্যক্ষ-শিক্ষকদের সোচ্চার হতে হবে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী বৈঠকে সভাপতিত্ব করেন। দেশের কামিল মাদ্রাসার অধ্যক্ষরা বৈঠকে যোগ দেন। শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন বৈঠকে উপস্থিত ছিলেন। দীর্ঘ চার ঘণ্টা ধরে এ বৈঠক চলে।

বৈঠক সূত্রে জানা যায়, মাদ্রাসা অধ্যক্ষরা বৈঠকে বলেন যে, ভুয়া মাদ্রাসার দায়দায়িত্ব তাঁরা নিতে পারেন না। তবে তাঁরা ভুয়া মাদ্রাসার সঙ্গে ছোটখাটো ত্রুটির জন্য কয়েকটি ভাল মাদ্রাসার স্বীকৃতি বাতিল করা হয়েছে বলে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। শিক্ষামন্ত্রী এ প্রসঙ্গে বলেন, এ ধরনের ঘটনা ঘটে থাকলে তা পর্যালোচনা করে দেখা হবে। তিনি বলেন, এ সকল মাদ্রাসা ছোটখাটো ত্রুটি দূর করে প্রয়োজনীয় শর্ত পূরণ করলে এক মাসের মধ্যে তাদেরকে বকেয়াসহ অনুদান ও স্বীকৃতি ফিরিয়ে দেয়া হবে। সভায় সিদ্ধান্ত হয়, ফাজিল ও কামিল মাদ্রাসার পরীক্ষাসমূহ প্রস্তাবিত শিক্ষানীতি অনুযায়ী ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে হবে।

মাদ্রাসা অধ্যক্ষরা মাদ্রাসায় কারিগরি শিক্ষার প্রসার ঘটানোর আহ্বান জানান।